**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 19-06-24** **Desk in Charge :**

**Time : 7-35 AM** **Compiling :**

**Morning /Day /Evening** **National/ Regional/ General**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

## বিশেষ বিশেষ খবর –

১/ রাঙাপানি স্টেশনের কাছে আগরতলা–শিয়ালদা ডাউন কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস দুর্ঘটনায় আনুষ্ঠানিক তদন্ত প্রক্রিয়া আজ শুরু হবে।

২/ রাজ্যে চার বিধানসভার উপ নির্বাচনে আগামী ২৬শে জুন থেকে মোতায়েন করা হবে কেন্দ্রীয় বাহিনী। # এদিকে, উত্তর ২৪ পরগণার বাগদা উপনির্বাচনে বিজেপি প্রার্থী বদলের সময়সীমা অতিক্রান্ত হতেই, দলের একাংশ নতুন প্রার্থীর নাম ঘোষণা করেছে।

৩/ ওয়ার্ল্ড সিক্‌ল সেল ডে উপলক্ষ্যে আজ বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

৪/ রাজ্য সরকার, কলেজে স্নাতকস্তরে অন লাইন ভর্তির কেন্দ্রীয় পোর্টাল আজ চালু করতে চলেছে ।

৫/ অসহ্য ঘর্মাক্ত গরমে দক্ষিণবঙ্গের মানুষ নাজেহাল। এদিকে উত্তরবঙ্গ ভাসছে বৃষ্টিতে।

*************************************************************

রাঙাপানি স্টেশনের কাছে আগরতলা–শিয়ালদা ডাউন কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস দুর্ঘটনায় আনুষ্ঠানিক তদন্ত প্রক্রিয়া আজ শুরু হবে।

উত্তর পূর্ব সীমান্ত রেলের মুখ্য রেল সুরক্ষা কমিশনার জনক কুমার গর্গ ওই তদন্তের কাজ শুরু করবেন। তিনি গতকাল দুর্ঘটনাস্থল ঘুরে দেখেন।

জিজ্ঞাসাবাদ করেন, রাঙাপানি স্টেশনের কর্মীদের। সিগনালিং এবং রেলওয়ে ট্র্যাকিং ব্যবস্থায় গোলযোগের কারণেই এই দুর্ঘটনা কিনা, কি করে দুটি ট্রেন এক লাইনে পরপর চলে এলো, তদন্তের আগেই মালগাড়ির চালকের ওপর দোষারোপ করা হচ্ছে কেন, সাংবাদিকদের এই সব প্রশ্নের জবাবে শ্রী গর্গ বলেন, স্বয়ংক্রিয় সিগন্যাল ব্যবস্থা যদি কাজ না করে, সেক্ষেত্রে নির্দিষ্ট পদ্ধতি মানতে হয়। তদন্তেই সবকিছু পরিষ্কার হবে।

( বাইট- জনক কুমার গর্গ )

উল্লেখ্য, কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসে মালগাড়ির ধাক্কায় ১০ জনের মৃত্যু হয়েছে।

উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতালে চিকিতসাধীন ৬'বছরের শিশু স্নেহা মন্ডলের গতকাল সেখানেই মৃত্যু হয়। শিশুটি বাবা-মায়ের সঙ্গে মাটিগাড়ায় মামার বাড়ি গিয়েছিল। দুর্ঘটনায় নিহত কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের পার্সেল ভ্যানের কর্মী শঙ্করমোহন দাসের কফিনবন্দি দেহ গতকাল কলকাতার ফুলবাগানের বাড়িতে পৌঁছলে পরিবারের সদস্যরা কান্নায় ভেঙে পড়েন। ট্রেনের গার্ড আশিষ দে-র মরদেহ নিয়ে যাওয়া হয় শিলিগুড়ির বাড়িতে।

ঘটনাস্থলের লাইন পরিষ্কার ও মেরামতির কাজ শেষ হওয়ার পর আপ ও ডাউন দু-দিকেই ট্রেন চলাচল স্বাভাবিকভাবে শুরু হয়েছে।

*******************

রাজ্য সরকার দক্ষিণ দিনাজপুরের বালুরঘাট থেকে হিলি পর্যন্ত প্রস্তাবিত রেললাইন সম্প্রসারণের জন্যে প্রথম পর্যায়ে আগামী এক মাসের মধ্যে অধিগৃহীত কিছু জমি রেলের হাতে তুলে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। গত বছরের মাঝামাঝি এই করিডরের জন্যে জমি সমীক্ষা ও অধিগ্রহনের কাজ শুরু হয়। পরে জেলা প্রশাসনের হাতে বেশ কিছুটা জমি আসায় স্টেশন ও সেতু তৈরির জন্যে সেই জমি রেলকে হস্তান্তর করা হবে বলে ঠিক হয়েছে।

উল্লেখ্য ২৯ কিলোমিটার দীর্ঘ এই প্রকল্পের জন্যে রেল যে মোট ৫০০ কোটি টাকা বরাদ্দ করেছে তার মধ্যে জমি অধিগ্রহনের ২৪৪ কোটি টাকা তারা ইতিমধ্যেই রাজ্যকে দিয়ে দিয়েছে।

*******************

রাজ্যে আসন্ন চার বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে আগামী ২৬ শে জুন থেকে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে। মোট ৫৫ কোম্পানি বাহিনীর মধ্যে ৪৭ কোম্পানি কেন্দ্রীয় বাহিনীকে নির্বাচনের কাজে ব্যবহার করা হবে। এছাড়া চারটি জায়গায় দুই কোম্পানি করে মোট ৮ কোম্পানি বাহিনী স্ট্রংরুমের নিরাপত্তায় মোতায়েন থাকবে বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে। উপনির্বাচনের প্রস্তুতি নিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে গতকাল এক বৈঠক বসে। সেখানেই এই সিদ্ধান্ত নেওয়া হয়। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব জানিয়েছেন, আসন্ন বিধানসভার উপনির্বাচনে প্রত্যেকটি বুথেই ওয়েব কাস্টিং করা হবে। অবাধ ও সুষ্ঠু নির্বাচনের সবরকম বন্দোবস্ত রাখা হচ্ছে।

উল্লেখ্য, ১০-ই জুলাই রায়গঞ্জ, রানাঘাট দক্ষিণ, বাগদা ও মানিকতলা বিধানসভা আসনে উপ-নির্বাচন হবে। গণনা ১৩-ই জুলাই।

*******************

এদিকে, উত্তর ২৪ পরগণার বাগদা বিধানসভা উপ নির্বাচনে বিজেপি প্রার্থীকে বদলের জন্য দলের একাংশ যে ২৪ ঘন্টা সময় দিয়েছিলেন, তা অতিক্রান্ত হতেই তাঁদের পক্ষ থেকে এক নির্দল প্রার্থীর নাম ঘোষণা করা হয়েছে। পেশায় শিক্ষক সত্যজিত মজুমদার বিজেপি কর্মী সমর্থিত নির্দল প্রার্থী হিসেবে ওই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন। বাগদার মালিপোতা গ্রাম পঞ্চায়েতের আন্দুলপোতা এলাকার বাসিন্দা সত্যজিতবাবু জয়ের ব্যাপারে আশাবাদী। টাকার বিনিময়ে বহিরাগত বিনয় বিশ্বাসকে দল প্রার্থী করেছে বলেও তাঁর অভিযোগ। সবকিছু ঠিকঠাক থাকলে, আজ তিনি মনোনয়ন পত্র জমা দিতে পারেন।

নতুন প্রার্থীর নাম ঘোষণার পর দলের একাংশের কর্মী-সমর্থকরা গতকাল হেলেঞ্চায় এক মিছিল’ও করেন। তৃণমূল কংগ্রেসের অবশ্য দাবী বিজেপি কোনোমতেই জিততে পারবে না। নিজেদের মধ্যে গোলমালের জেরেই তারা এই আসনে পরাজিত হবে।

উল্লেখ্য, বিজেপি বাগদায় বিনয় বিশ্বাসের নাম প্রার্থী হিসেবে ঘোষণা করে। তারপর থেকেই তাঁকে বদলের দাবীতে দলের একাংশ বিক্ষোভ দেখাতে থাকে।

অন্যদিকে, রাজ্যের চারটি বিধানসভা কেন্দ্রে উপ-নির্বাচনে তৃণমূল কংগ্রেস ও বিজেপি সবকটিতে এবং বামফ্রন্ট তিনটি কেন্দ্রে প্রার্থী দেওয়ার পর কংগ্রেস দুটি কেন্দ্রে প্রার্থীর নাম ঘোষণা করেছে। রায়গঞ্জে মোহিত সেনগুপ্ত এবং বাগদায় অশোক হালদার প্রতিদ্বন্দ্বিতা করবেন।

*******************

বিজেপি, ভোট পরবর্তী হিংসায় রাজ্যের মুখ্য সচিবের হস্তক্ষেপ দাবি করেছে। দলের রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে অভিযোগ করেন, রাজ্য জুড়ে ভোটের পর থেকে যে হিংসা চলছে, মুখ্যমন্ত্রী ও রাজ্য সরকার সে ব্যাপারে উদাসীন। এ নিয়ে মুখ্যমন্ত্রীর সর্বদলীয় বৈঠক ডাকা উচিত ছিল।

দলের রাজ্য সভাপতি, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার'ও বলেছেন, তৃণমূল কংগ্রেস নিজেদের আধিপত্য কায়েম করতে রাজ্য জুড়ে এধরণের হিংসা চালিয়ে যাচ্ছে। তবে তাঁরাও, সাধ্যমত এর প্রতিরোধ করবেন বলে সুকান্তবাবু বোলপুরে এক সাংবাদিক সম্মেলনে জানান।

(বাইট- সুকান্ত মজুমদার )

*******************

কোচবিহার সফরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল বিজেপির রাজ্যসভার সাংসদ অনন্ত মহারাজের সঙ্গে দেখা করেন। চকচকাতে অনন্ত মহারাজের বাড়িতে গেলে বিজেপি সাংসদ, মুখ্যমন্ত্রীকে পান সুপারি দিয়ে স্বাগত জানান। দু'জনের মধ্যে প্রায় আধ ঘণ্টা কথাবার্তা হয়।

এই সাক্ষাৎকারের ব্যাপারে মমতা বিশদে কিছু না বললেও অনন্ত মহারাজ জানান, এই সাক্ষাৎ ছিল একান্তই সৌজন্যমূলক।

( বাইট- অনন্ত মহারাজ)

*******************

আজ World Sickle Cell Day। সারা বিশ্বে রক্তাল্পতার এই বিশেষ রোগ নিয়ে সচেতনতা তৈরি করতে বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে দিনটি পালন করা হচ্ছে। এবছরের থিম- Hope Through Progress: Advancing Global Sickle Cell Care & Treatment" অর্থাৎ বিশ্বব্যাপী সিক্‌ল সেল অ্যানিমিয়ার চিকিৎসা ও পরিচর্যায় আশাব্যাঞ্জক অগ্রগতি।

বিশেষজ্ঞরা জানাচ্ছেন, জিন-বাহিত এই রোগ বংশগতভাবে পরবর্তী প্রজন্মের মধ্যে ছড়ালেও সাধারণত জন্মের পাঁচ থেকে ছ'মাসের পর এই রোগ ধরা পড়ে। Sickle cell অ্যানিমিয়াতে আক্রান্ত রোগীদের করণীয় প্রসঙ্গে আকাশবাণীর মাধ্যমে পরামর্শ দিলেন, মেডিসিনের বিশেষজ্ঞ চিকিৎসক অমৃতা মন্ডল-

( বাইট- ডঃ অমৃতা মন্ডল)

*******************

রাজ্য সরকার, কলেজে স্নাতকস্তরে অন-লাইন ভর্তির জন্যে আজ কেন্দ্রীয় পোর্টাল চালু করতে চলেছে। বিকাশ ভবনে এর সূচনা করবেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু।

উল্লেখ্য, ৮-ই মে উচ্চ-মাধ্যমিকের ফল বেরলেও কলেজগুলিতে ভর্তির বিজ্ঞপ্তি জারি না হওয়ায় ছাত্র-ছাত্রীরা এখনও ভর্তি হতে পারেননি ।

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি- WEBCUTA (ওয়েবকুটা), অবিলম্বে দ্রুততার সঙ্গে ভর্তির প্রক্রিয়া সম্পন্ন করে স্নাতক স্তরে নতুন শিক্ষা বর্ষের ক্লাস শুরুর জন্য রাজ্য সরকারের কাছে দাবি জানিয়েছে। সমিতির সভাপতি অধ্যাপক শুভোদয় দাশগুপ্ত ও সম্পাদক অধ্যাপক কেশব ভট্টাচার্য গতকাল এক বিবৃতিতে বলেন, চলতি বছরে উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশিত হওয়ার পরেও স্নাতক স্তরে কলেজ-বিশ্ববিদ্যালয়ে ভর্তির নীতি নির্ধারণ ও প্রক্রিয়া চালু করতেই শিক্ষামন্ত্রী মাসাধিককাল অতিবাহিত করেছেন। রাজ্যের প্রচুর ছাত্র ছাত্রী ও তাঁদের অভিভাবকরা দীর্ঘ সময় গভীর উদ্বেগের সঙ্গে

দিন কাটাচ্ছেন। এই পরিস্থিতিতে উচ্চশিক্ষার জন্য মেধাবী পড়ুয়াদের একটা বড়ো অংশ রাজ্যের ব্যয়বহুল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান গুলিতে চলে যাচ্ছে। তাঁরা আরও বলেন, জাতীয় শিক্ষা নীতি মেনে চার বছরের স্নাতক কোর্স চালুর পর থেকেই পড়ুয়ার অভাবে ধুঁকছে রাজ্যের একাধিক কলেজ। উচ্চশিক্ষা নিয়ে সরকারি উদাসীনতা চলতে থাকলে আগামী দিনে পরিস্থিতি আরো অবনতি হতে পারে বলে আশঙ্কা প্রকাশ করা হয়েছে।

*******************

২০২৪-এর নিট UG-তে প্রশ্ন ফাঁস এবং অনিয়মের অভিযোগ নিয়ে সুপ্রিম কোর্ট কেন্দ্র ও ন্যাশনাল টেস্টিং এজেন্সি NTA-র কাছে জবাব তলব করে নোটিশ পাঠিয়েছে। দুই বিচারপতি বিক্রম নাথ ও SVN ভাট্টির বেঞ্চ গতকাল মামলার শুনানির সময় বলেন, শূন্য দশমিক শূন্য শূন্য এক শতাংশ গাফিলতিও যদি কারোর তরফে হয়ে থাকে তাহলে তার পুঙ্খানুপুঙ্খ অনুসন্ধান হওয়া প্রয়োজন। ৮-ই জুলাই মামলার পরবর্তী শুনানি।

উল্লেখ্য, স্নাতকস্তরের ডাক্তারি পাঠক্রমের ভর্তির এই পরীক্ষায় এবার ৬৭ জন ফুল মার্কস পায়। ফল বেরনোর পর থেকেই এই পরীক্ষায় অনিয়ম এবং প্রশ্ন ফাঁসের অভিযোগ উঠছিল। বিভিন্ন জায়গায় পড়ুয়ারা বিক্ষোভ দেখায়।

*******************

অসহ্য ঘর্মাক্ত গরমে দক্ষিণবঙ্গের মানুষ নাজেহাল।
কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩০ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস- স্বাভাবিকের তুলনায় যা প্রায় চার ডিগ্রী বেশি।

উত্তরবঙ্গের জেলাগুলিতে একটানা বৃষ্টি চললেও দক্ষিণবঙ্গে বর্ষার দেখা নেই। তবে, মৌসুমী অক্ষরেখার প্রভাবে পরিস্থিতি অনুকূল হওয়ায় ৩-৪ দিনের মধ্যে দক্ষিণবঙ্গে বর্ষা আসতে পারে বলে আলিপুর আবহাওয়া দফতর পূর্বাভাস দিয়েছে।

উত্তরবঙ্গের আলিপুরদুয়ার, জলপাইগুড়ি ও কোচবিহারে আজ ভারী থেকে অতিভারী বৃষ্টির লাল সতর্কতা জারি করা হয়েছে। কমলা সতর্কতা জারি রয়েছে,

দার্জিলিং ও কালিম্পং-এ। এছাড়া, উত্তর ও দক্ষিণ দিনাজপুর ও মালদায় জারি রয়েছে হলুদ সতর্কতা। ২২ তারিখ পর্যন্ত উত্তরবঙ্গের পাঁচ জেলাতেই বৃষ্টির সম্ভাবনা। এদিকে, একটানা বৃষ্টিতে সেখানকার বিভিন্ন নদীতে জল বাড়ছে।

এদিকে, উত্তর দিনাজপুরের চোপড়ার আমবাড়ি লোধাবাড়ি এলাকায় বজ্রপাতে একজনের মৃত্যু হয়েছে, গুরুতর আহত ৫। গত সোমবার ঝড়-বৃষ্টির সময় একটি বাড়িতে বজ্রপাত হয়। স্থানীয় বাসিন্দারা বাড়ির ছয় আহতকে উদ্ধার করে চোপড়া ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যায়। শান্ত হেমব্রম নামে বছর ৪০-এর এক ব্যক্তিকে মৃত ঘোষণা করা হয়।

*******************

উত্তরবঙ্গের জলদাপাড়া জাতীয় উদ্যানের ঐতিহ্যবাহী হলং বনবাংলোয় গতরাতে আগুন লাগে। ভয়াবহ ওই আগুনে, কাঠের বাংলোর প্রায় পুরোটাই ভস্মীভূত হয়েছে।

এমাসের ১৫ তারিখ থেকে জঙ্গলে পর্যটকদের প্রবেশ বন্ধ থাকায়, বাংলোটি খালিই ছিল। সেকারণে বড় রকমের বিপর্যয় এড়ানো সম্ভব হয়েছে। ক্ষয়ক্ষতির বিস্তারিত বিবরণ এখনো জানা যায়নি। শর্ট সার্কিট থেকে এই আগুন বলে প্রাথমিক অনুমান। বনকর্মীরা প্রথমে আগুন দেখে দমকলে খবর দেন। দমকলের দুটি গাড়ি গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে।

************************************************************